

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/২৪ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

নং ২৫.০৩২.১৪.০০.০০.০০.২০১৫/২৫২—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953) অতঃপর উক্ত Act বলে উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয়;

২। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০.০০.০১০.২০১০-১৬১, তারিখ ১৯ অক্টোবর ২০১৫ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয়;

৩। অতঃপর রাজউক কর্তৃক হাতিরঝিল প্রকল্পটির পাশ্চাতী এলাকায় দৃষ্টিনন্দন ও নৈসর্গিক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে হাতিরঝিল প্রকল্পের উদ্দেশ্যকে ব্যাহত না করে প্রকল্প এলাকার চতুর্পার্শ্বে ৩০০ মিঃ প্রস্থে বিস্তৃত জায়গায় সুষ্ঠু ও পরিকল্পিতভাবে উন্নয়ন নিয়ন্ত্রণের লক্ষ্যে একটি বিশেষ ড্যাপ প্রণয়ন করা হয়। এ বিষয়ে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১৭-০৯-২০১৫ তারিখের এবং ড্যাপ রিভিউ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১০-০৪-২০১৬ তারিখে অনুষ্ঠিত ৮ম সভার নিম্নোক্ত সিদ্ধান্তের আলোকে 'বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন শীর্ষক' প্রকল্পের সীমানার উভয় পাশ্বে

(১৪৪৩৩)

মূল্য : টাকা ৪.০০

৩০০ মিঃ প্রস্থে বিস্তৃত এলাকার জন্য প্রণীত বিশেষ ড্যাপ Town Improvement Act, 1953 এর section 74 sub-section (2) এর বিধান অনুযায়ী এতদ্বারা প্রকাশ করা হলো :

- ক) হাতিরঝিল এলাকার জন্য প্রণীত বিশেষ ড্যাপ এর সুপারিশ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। তবে, ভবন নির্মাণের ক্ষেত্রে বিদ্যমান ইমারত নির্মাণ বিধিমালা-২০০৮ প্রযোজ্য হবে।
- খ) হাতিরঝিল এলাকায় পরিকল্পিত ট্রাফিক ম্যানেজমেন্ট এর জন্য পরিকল্পনা প্রণয়ন ও তা সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। এবং
- গ) হাতিরঝিলের পানির গুণগতমান এবং এলাকার নান্দনিক পরিবেশ বজায় রাখার উদ্যোগ নিতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান।

বিশেষ দৃষ্টব্য :

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত প্রকল্পের রিপোর্ট ও প্রণীত ম্যাপ রাজউক এর নগর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।